



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/2/2022

গভর্নর ক্যাথি হোকল

রোয়ে ভি. ওয়েড এর বিষয়ে সুপ্রিম কোর্টের ফাঁস হওয়া মতামত সম্পর্কে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আজ সন্ধ্যায় ফাঁস হওয়া সুপ্রিম কোর্টের আপাত খসড়া মতামত দেখে আমি শংকিত, যা রোয়ে ভি. ওয়েড এর মাধ্যমে নিশ্চিত হওয়া গর্ভপাতের অধিকারকে উল্টে দেবে। সারাদেশের নারীদের স্বার্থে, গর্ভপাতের অধিকারের ক্ষেত্রে এটি সুপ্রিম কোর্টের চূড়ান্ত মতামত হওয়া উচিত নয়।

আমরা দীর্ঘদিন ধরে এই লড়াই করে আসছি। আমি পিছু হটতে অস্বীকার করি। আমার নবাগত নাতনির জন্য যে অধিকারের নিশ্চয়তা থাকা উচিত সেই অধিকারের জন্য তাকে লড়াই করতে দিতে আমি অস্বীকার করি যার জন্য কয়েক প্রজন্ম লড়াই করেছে এবং জিতেছে।

পরিচর্যার অ্যাক্সেস প্রয়োজন এমন যে কারো ক্ষেত্রে, আমাদের স্টেট তাকে দুই হাত বাড়িয়ে স্বাগত জানাবে। নিউ ইয়র্ক সবসময় এমন একটি স্থান হিসেবে থাকবে যেখানে গর্ভপাতের অধিকার সুরক্ষিত থাকবে এবং যেখানে গর্ভপাত নিরাপদ ও অ্যাক্সেসযোগ্য থাকবে। ঠিক যেমন স্ট্যাচু অব লিবার্টি আমাদের হারবারে তার মশাল সমুন্নত রেখেছে, তেমনি নিউ ইয়র্ক কখনই সঠিক বিষয়ের জন্য লড়াই বন্ধ করবে না — নির্ভীক ও অপ্রতিরোধ্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418